ঢাকা রিপোর্টার্স ইউনিটির ৪১ জন লেখককে সম্মাননা

ঢাকা রিপোর্টার্স ইউনিটি (ডিআরইউ) সদস্য লেখক সম্মাননা-২০১৯ প্রদান করেছে। চলতি বছর প্রকাশিত সৃজনশীল, মননশীল, শিশুসাহিত্য ও গবেষণামূলক বইয়ের জন্য সংগঠনের ৪১জন সদস্য লেখককে এ সম্মাননা দেয়া হয়।

আজ সোমবার সকালে ডিআরইউ’র সাগর-রুনী মিলনায়তনে এই সম্মাননা অনুষ্ঠানের আয়োজন করা হয়। বাংলা একাডেমির মহাপরিচালক হাবীবুল্লাহ সিরাজী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিআরইউ সভাপতি ইলিয়াস হোসেন। ডিআরইউর প্রচার ও প্রকাশনা সম্পাদক শেখ মাহমুদ এ রিয়াত ও অনুষ্ঠানের সদস্য সচিব খালিদ সাইফুল্লাহর সঞ্চালনায় অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ডিআরইউ সাধারণ সম্পাদক কবির আহমেদ খান। শুভেচ্ছা বক্তব্য রাখেন সদস্য লেখক হাসান হাফিজ, মোহাম্মদ আব্দুল্লাহ, কানাই চক্রবর্ত্তী, তারিকুল ইসলাম মাসুম ও শরীফা বুলবুল।

প্রধান অতিথির বক্তব্যে হাবীবুল্লাহ সিরাজী বলেন, বাংলা ভাষা এবং বিশ^ সাহিত্যের নেতৃত্ব দেবে বাংলাদেশ। লেখালেখিতে সাংবাদিকদের অবদানের কথা স্মৃতিচারণ করতে গিয়ে তিনি বলেন, সাহিত্য চর্চায় আমি সাংবাদিকদের কাছ থেকে শিখেছি। তিনি আশা প্রকাশ করেন, ডিআরইউর এ উদ্যোগ সংগঠনের সদস্যদের সৃজনশীলতাকে উৎসাহিত করবে। ডিআরইউ’র লাইব্রেরিকে সমৃদ্ধশালী করতে বাংলা একাডেমি সব সময় পাশে থাকবে বলে তিনি প্রতিশ্রুতি দেন।

সভাপতির বক্তব্যে ইলিয়াস হোসেন বলেন, ডিআরইউর সদস্যদের সৃজনশীলতা ও মননশীলতাকে উৎসাহিত করতেই এ আয়োজন। ভবিষ্যতে এ উদ্যোগ অব্যাহত থাকবে বলে আশা করেন তিনি।

এ বছর ডিআরইউ সদস্য লেখক সম্মাননা পেলেন যারা- আমাদের নতুন সময়ের সমীরণ রায়, শেয়ার বিজের মুস্তাফিজুর রহমান নাহিদ, দিনকালের আবদুল্লাহ জেয়াদ, রাইজিং বিডি’র মেহেদী হাসান ডালিম, বর্তমানের মোতাহার হোসেন, বাংলাদেশ সময়ের মিজান রহমান, সময়ের আলোর এম মামুন হোসেন, ঢাকা টাইমসের হাবিবুল্লাহ ফাহাদ, বাংলাভিশনের ইমরুল কায়েস, আরটিভির মাইদুর রহমান রুবেল, এসএ টিভির খন্দকার